গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(মাঠ প্রশাসন-২ অধিশাখা)
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৬.২২.০১২.২০-৫১

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: জাতিসংঘ কর্তৃক মর্যাদাপূর্ণ **"ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০"** -এ ভূমি মন্ত্রণালয় ভূষিত হওয়ায় মন্ত্রিসভা কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন প্রস্তাব জ্ঞাপন ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেশব্যাপি ই-মিউটেশন উদ্যোগ বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ 'Developing transparent and accountable public institutions' ক্যাটাগরিতে বিশ্বসংস্থা জাতিসংঘ কর্তৃক **ভূমি মন্ত্রণালয়কে 'United Nations Public Service Award-2020'**-এ ভূষিত করা হয়েছে (চিত্রপ্রতিলিপি সংযুক্ত)। এই বিশাল সাফল্যে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল এবং সুসংহত হয়েছে । মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে দূরদর্শী উদ্যোগ এবং মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়-এঁর পরিকল্পনা ও নির্দেশনার ফসল হিসেবে অত্যন্ত মর্যাদাপূর্ণ এ পুরস্কার অর্জন সম্ভব হয়েছে। এ পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে গত ০৮ জুন ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে (চিত্রপ্রতিলিপি সংযুক্ত) এবং এ বিষয়টি গত ১৫ জুন ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ হয়েছে (চিত্রপ্রতিলিপি সংযুক্ত) । এ পুরস্কার অর্জন ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের কর্মক্ষেত্রে দায়িত্ব অনেকগুণ বৃদ্ধি করেছে। উল্লেখ্য, গত ১০ (দশ) বছরে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রয়াস, প্রত্যক্ষ এবং কার্যকর তত্ত্বাবধানে ভূমি ব্যবস্থাপনায় আমূল পরিবর্তন আনয়ন করা হয়েছে।

২। জাতিসংঘ কর্তৃক ভূষিত সনদ, মন্ত্রিসভা কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রীকে প্রদত্ত অভিনন্দন জ্ঞাপন প্রস্তাব এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত গেজেটের চিত্রপ্রতিলিপি যথাযথভাবে সংরক্ষণ, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকল দপ্তরকে প্রদান, ব্যাপক প্রচারের ব্যবস্থাকরণ এবং গৃহীত কার্যক্রম ইমেইল (szaman16248@gmail.com) এ জরুরিভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। একইসঙ্গে সাফল্যের এ ধারাকে অব্যাহত রাখার জন্য ই-মিউটেশন এবং তাঁর সংস্থা কর্তৃক বাস্তবায়নযোগ্য অন্যান্য ভূমিসেবাসমূহ আরও স্বচ্ছতা, জবাবদিহিতা, দক্ষতা এবং আন্তরিকতার সঙ্গে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: চার পাতা।

২/৭/২০২০

মোহাম্মদ শামছুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
সেলফোন: ০১৭২৩ ৮৮৮৬৪৯
ইমেইল: szaman16248@gmail.com

১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর , ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, .......................... ...(সকল)।
৪। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা
৫। জেলা প্রশাসক, ................................ (সকল)।
৬। জোনাল সেটেলম্যান্ট অফিসার, ..........(সকল)।
৭। উপজেলা নির্বাহী অফিসার, .................(সকল)।
৮। সহকারী কমিশনার (ভূমি), ................. (সকল)।
৯। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়।
১০। সহকারী সেটেলম্যান্ট অফিসার, ............. (সকল)।

**বিতরণ:**
১) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা , ভূমি মন্ত্রণালয় (ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
২) অফিস কপি।

United Nations Nations Unies

OFFICE OF THE UNDER-SECRETARY-GENERAL
DEPARTMENT OF ECONOMIC AND SOCIAL AFFAIRS (DESA)
ROOM S-2922, UN SECRETARIAT BUILDING, NEW YORK, NEW YORK 10017
TEL.: 1 (212) 963.5958 • FAX: 1 (212) 963.1010

REFERENCE: DESA-20/01001

1 June 2020

Excellency,

I am pleased to inform you that the Ministry of Land of your country has won the 2020 United Nations Public Service Awards, in the category of "Developing transparent and accountable public institutions", for the initiative "e-Mutation". Its outstanding achievement has demonstrated excellence in serving the public interest and I am confident it has made a significant contribution to the improvement of public administration in your country. Indeed, it will serve as an inspiration and encouragement for others working for the public service.

The General Assembly, in its resolution 57/277, designated 23 June as United Nations Public Service Day for the purpose of celebrating the value and virtue of service to the community at the local, national and global levels. On 23 June each year, the United Nations organizes a ceremony to commemorate the United Nations Public Service Day, during which the most innovative initiatives in the public sector around the world are recognized.

However, as the world continues to be impacted by the ongoing COVID-19 pandemic, our plans to host a 2020 United Nations Public Service Awards Ceremony have been postponed until further notice. While it is regrettable that we cannot honour the 2020 United Nations Public Service Award initiatives via a ceremony at this time, we are planning numerous outreach activities to showcase the winning initiatives online, including over United Nations social media channels. We also encourage Member States to highlight the winning initiatives in their countries.

In the meantime, if you have any additional questions, please do not hesitate to contact Ms. Elizabeth Niland, Programme Management Officer, Division for Public Institutions and Digital Government, UN DESA (nilande@un.org).

Please accept, Excellency, the assurances of my highest consideration.

刘振民

LIU Zhenmin
Under-Secretary-General

H.E. Ms. Rabab Fatima
Permanent Representative of Bangladesh
to the United Nations
New York

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

সরকার গঠন ও রাষ্ট্রাচার শাখা

www.cabinet.gov.bd

অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন) এর দপ্তর
ডায়েরী নং: ৮০৫
তারিখ: ২৪/৬/২০২০

প্রদীপ কুমার দাস
অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০০১.১৯.১৩৫ | তারিখ: ৬ আষাঢ় ১৪২৭
২০ জুন ২০২০

বিষয়: **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয় জাতিসংঘ কর্তৃক মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড ২০২০'-এ ভূষিত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ইউও নোট নম্বর: ০৪.০০.০০০০.০০১.২৫.০১৫.২০.৫৬; তারিখ: ০৯/০৬/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে, মন্ত্রিসভার ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭/০৮ জুন ২০২০ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ১৫ জুন ২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে।

মহোদয়ের সদয় অবগতির জন্য প্রকাশিত গেজেট নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

T. M. A. Azim

২০-৬-২০২০


তানবীর মোহাম্মদ আজিম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৩৯৭৭
ফ্যাক্স: ৯৫১২২১৩
ইমেইল: ms_sec@cabinet.gov.bd


বিতরণ :

১) সিনিয়র সচিব/সচিব (সকল)

২) মন্ত্রীর একান্ত সচিব (সকল)

৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব (সকল)

৪) উপমন্ত্রীর একান্ত সচিব (সকল)

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর
রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সফল

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭/১৪ জুন ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১৩০—‘ই-মিউটেশন’ উদ্যোগ বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ ‘স্বচ্ছ ও জবাবদিহিমূলক সরকারি প্রতিষ্ঠানের বিকাশ’ ক্যাটেগরিতে বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়কে সম্প্রতি জাতিসংঘের মর্যাদাপূর্ণ ‘ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০’-এ ভূষিত করা হয়েছে।

২। আন্তর্জাতিক অঙ্গনে এরূপ সাফল্য অর্জন বাংলাদেশের ভাবমূর্তি আরও সুসংহত করেছে। এই পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় জাতিসংঘের মর্যাদাপূর্ণ ‘ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০’ পাওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭/০৮ জুন ২০২০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব



মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭ / ০৮ জুন ২০২০

'ই-মিউটেশন' উদ্যোগ বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ 'স্বচ্ছ ও জবাবদিহিমূলক সরকারি প্রতিষ্ঠানের বিকাশ' ক্যাটেগরিতে বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়কে সম্প্রতি জাতিসংঘের মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০'-এ ভূষিত করা হয়েছে। ১ জুন ২০২০ তারিখে জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক বিষয়ক বিভাগের আন্ডার সেক্রেটারি জেনারেল জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধিকে এই বিষয়ে অবহিত করেন। আন্ডার সেক্রেটারি বলেন— 'ই-নামজারি একটি অসামান্য অর্জন, উদ্যোগ হিসাবে জনস্বার্থে যা সেবার উৎকর্ষ প্রতিপাদন করে।' তিনি আরও বলেন, 'দেশের জনপ্রশাসনের উন্নয়নের ক্ষেত্রে এই উদ্যোগপ্রসূত অবদান তাৎপর্যপূর্ণ এবং তা জনপ্রশাসনে কর্মরত অন্যান্য সকলকে জনসেবায় ব্রতী হতে অনুপ্রেরণা ও উৎসাহ জোগাবে।'

উল্লেখ্য স্থানীয়, জাতীয় ও বৈশ্বিক সম্প্রদায়ের জন্য প্রদত্ত সেবার ক্ষেত্রে গুণগতমান, উৎকর্ষ, সৃজনশীল উদ্যোগ উদ্‌যাপনের উদ্দেশ্যে জাতিসংঘ সাধারণ পরিষদ রিজোল্যুশন ৫৭/২৭৭ গ্রহণের মাধ্যমে ২৩ জুন তারিখকে 'জাতিসংঘ পাবলিক সার্ভিস ডে' নির্ধারণের পরিপ্রেক্ষিতে প্রতি বছর যথাযোগ্য আনুষ্ঠানিকতার সাথে দিবসটি উদ্‌যাপন করা হয়। এই সময় বিশ্বজুড়ে সরকারি খাতে গৃহীত সর্বোত্তম উদ্ভাবনী উদ্যোগগুলোকে পুরস্কৃত করে স্বীকৃতি প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ এ বছর উক্ত সম্মাননা অর্জন করেছে। বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারির প্রাদুর্ভাবের প্রেক্ষাপটে জাতিসংঘ এই বছর পাবলিক সার্ভিস পুরস্কার বিতরণ অনুষ্ঠান স্থগিত করেছে। তবে, সামাজিক যোগাযোগমাধ্যম এবং বিভিন্ন প্রচার কার্যক্রমের মধ্য দিয়ে জাতিসংঘ পুরস্কারের বিষয়টি প্রচারের পরিকল্পনা গ্রহণ করেছে।

মন্ত্রিসভা মনে করে যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বশৈলী, প্রজ্ঞা, দূরদর্শিতা, প্রয়োজনানুগ ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণের ফলে দেশে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে, দ্রুত গতিতে দেশ এখন এগিয়ে চলেছে এবং বৈশ্বিক পরিমন্ডলে এক অনন্য অবস্থানে সুস্থিত হতে পেরেছে। তাঁর 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণের দূরদর্শী উদ্যোগেরই ফসল হিসাবে মর্যাদাপূর্ণ এ পুরস্কার অর্জন সম্ভব হয়েছে। উল্লেখ্য গত ১০ বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রয়াস এবং প্রত্যক্ষ ও কার্যকর তত্ত্বাবধানে ভূমি ব্যবস্থাপনায় আমূল পরিবর্তন আনয়ন করা হয়েছে। ঔপনিবেশিক ব্যবস্থা থেকে উত্তরণ ঘটিয়ে প্রজাতান্ত্রিক রাষ্ট্রকাঠামোতে সরকারি সেবা প্রদান নিশ্চিত করা হচ্ছে। বর্তমানে সকল ভূমিসেবা ডিজিটাল প্রক্রিয়ায় রূপান্তরের কার্যক্রম চলমান রয়েছে। ভূমিব্যবস্থাপনায় রেকর্ড হালনাগাদকরণের ক্ষেত্রে নামজারি একটি আবশ্যকীয় প্রক্রিয়া। ভূমি সেবায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, কর্মদক্ষতা বৃদ্ধি এবং সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে বর্তমান সরকারের ভিশন-২০২১ অর্জন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ই-নামজারি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।